যুগান্তর

তারিখ ... 28 JAN 2010
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৬

# দিনাজপুর সরকারি কলেজে ছাত্রলীগের হামলা : অধ্যক্ষ অপহৃত পরে মুক্তি

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর সরকারি কলেজে ছাত্রলীগের সশস্ত্র ক্যাডাররা অধ্যক্ষের কক্ষে ভাঙচুর চালিয়ে তাকে জোরপূর্বক তুলে নিয়ে যায়। ভাঙচুরের সময় দর্শন বিভাগের অধ্যাপক আবদুল আল ফুয়াদ ও অফিসের ক্যাশিয়ার সাহানা বেগম আহত হন। পরে পুলিশ অধ্যক্ষকে উদ্ধার করে কোতোয়ালি থানায় নিয়ে যায়। এ ঘটনার প্রতিবাদে কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা

হামলা : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## হামলা : ছাত্রলীগের

(১৬ পৃষ্ঠার পর)

নিরাপত্তার দাবিতে ক্যাম্পাসে মৌন মিছিল করেন। কলেজের পদার্থবিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক আবদুর রৌফ ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ইদ্রিস আলী জানান, বুধবার দুপুরে ছাত্রলীগ নেতা ইমরান লতিফ সেতুর নেতৃত্বে একদল ক্যাডার ছাত্রশিবিরের বিরুদ্ধে ক্যাম্পাসে মিছিল বের করে। ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে আকস্মিকভাবে মিছিল থেকে অধ্যক্ষের কার্যালয়ে হামলা চালানো হয়। হামলাকারীরা অধ্যক্ষের কক্ষের আসবাবপত্র ভাঙচুর করে গুঁড়িয়ে দেয়। একপর্যায়ে হামলাকারীরা পুলিশের উপস্থিতিতে অধ্যক্ষ প্রফেসর আলাউদ্দীন মিয়াকে জোরপূর্বক মোটরসাইকেলে তুলে নিয়ে অজ্ঞাত স্থানে চলে যায়। এ ব্যাপারে দিনাজপুর পুলিশ সুপার আবু কালাম সিদ্দিকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি অধ্যক্ষের অপহরণের বিষয়টি অস্বীকার করে জানান, কোতোয়ালির ওসি অধ্যক্ষকে উদ্ধার করে নিরাপদে তার বাসভবনে পৌঁছে দেন। কোতোয়ালির ওসি হাসান শাহীন ইকবালের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি যুগান্তরকে জানান, অপহরণের বিষয়টি আমি জানি না। অধ্যক্ষ নিজেই কোতোয়ালি থানায় আসেন এবং তাকে আমরা তার বাসভবনে পৌঁছে দিয়ে কলেজ ক্যাম্পাসে নিরাপত্তা ডিউটিতে চলে যাই।